000 18

দৈনিক বাংলা

তারিখ 24 SEP 1996
পৃষ্ঠা ৮ কলাম ১

# ছাত্র সংঘর্ষে ১০ জন আহত ঃ দিনাজপুর পলিটেকনিক বন্ধ

**নিজস্ব প্রতিনিধি** ঃ দিনাজপুর, ২৩ সেপ্টেম্বর।- সোমবার দুপুরে দিনাজপুর পলিটেকনিকে ছাত্রলীগ-ছাত্রদল নেতা কর্মীদের এক ঘন্টাব্যাপী সংঘর্ষে ছাত্র সংসদের সাধারণ সম্পাদকসহ ১০জন আহত হয়েছে। উত্তেজনাকর পরিস্থিতির প্রেক্ষিতে দিনাজপুর পলিটেকনিক অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা এবং আজ রাতের মধ্যেই ছাত্রছাত্রীদের হোস্টেল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছে।

আজ দুপুরে পলিটেকনিক ক্যাম্পাসে ছাত্রলীগ মিছিলে ইট নিক্ষেপের ঘটনা কেন্দ্র করে সংঘর্ষের সুত্রপাত হয়। ছাত্রদলের অভিযোগ, ছাত্রলীগের নেতা-কর্মীরা ছাত্র দলের নেতা-কর্মীদের ওপর হামলা চালালে কমপক্ষে ১০ জন আহত হয়। অভিযোগে বলা হয়, কুড়ালের আঘাতে পলিটেকনিক ছাত্র সংসদের ছাত্রদলভুক্ত সাধারণ সম্পাদক তাজউদ্দিন শাহ ও সদস্য আবু আল মোহাম্মদ গুরুতরভাবে আহত হয়েছে। উভয়কে দিনাজপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ দিকে, উত্তেজনাকর পরিস্থিতি বিরাজ করায় কর্তৃপক্ষ দিনাজপুর পলিটেকনিক অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা ও ছাত্রছাত্রীদের আজ রাতের মধ্যেই হোস্টেল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছে। পুলিশ সেখানে অবস্থান নিয়েছে।

উল্লেখ্য, গত ৭ সেপ্টেম্বর থেকে ছাত্র সংসদের নির্বাচন কেন্দ্র করে দিনাজপুর পলিটেকনিকে উত্তেজনা বিরাজ করছে। নির্বাচনে ছাত্রদলের সম্পূর্ণ প্যানেল বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়। ছাত্রলীগের নেতা কর্মীরা নির্বাচনের ফলাফল মেনে নেয়নি।